



১৩/৮/২০২১  
১৩/৮/২০২১  
১৩/৮/২০২১  
১৩/৮/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি  
নথীকৃত নং: ২০৪৭  
মুদ্রিত/প্রকৃত ফাইল নং: .....  
গ্রহণের তারিখ: ২২/০৮/২১

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.১০৪.২০-১৩৬১২/১৪

তারিখ: ২১ আগস্ট ২০২১ খ্রি.

মহিতার

বিষয়: সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত অ্যাসাইনমেন্টের নির্দেশনা সংক্রান্ত অনুষ্ঠান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক পর্যায়ের (৬ষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি) শিক্ষার্থীদের জন্য এনসিটিবি কর্তৃক প্রণীত অ্যাসাইনমেন্ট বিতরণ ও মূল্যায়ন কার্যক্রম সারা দেশব্যাপী চলমান রয়েছে। সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা পর্ষদ এবং শিক্ষা কর্মকর্তাদের উক্ত অ্যাসাইনমেন্টের উপর সঠিক ধারণা ও মূল্যায়ন সংক্রান্ত নির্দেশনামূলক কিছু সেশন এনসিটিবি'র বিশেষজ্ঞের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রস্তুত করা হয়েছে। এই সেশনগুলো দেশব্যাপী প্রচারের অংশ হিসেবে সংসদ বাংলাদেশ টেলিভিশনে "আমার ঘরে আমার স্কুল" অনুষ্ঠানের নির্ধারিত টাইম স্লটের (বিকাল ৫:১৫ সন্ধ্যা ৬:১৫) মধ্যে সম্প্রচার করা হচ্ছে।

রবি থেকে বৃহস্পতি বার বিকাল ৫:১৫ মিনিটে উক্ত সংসদ বাংলাদেশ টেলিভিশনে অ্যাসাইনমেন্ট বিষয়ক নির্দেশনার অনুষ্ঠানটি দেখার জন্য জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে এবং প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষকগণ শিক্ষার্থীদের অবহিত করবেন।

উল্লেখ্য উক্ত অনুষ্ঠানটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিসিয়াল ফেসবুক পেজ, আমার ঘরের আমার স্কুল এর অফিসিয়াল ফেসবুক পেজে এবং নিম্নের ইউটিউব চ্যানেলে পাওয়া যাবে।

ইউটিউব চ্যানেলের লিংক: <https://cutt.ly/rQ1zZnb>

(বিপুল চন্দ্র বিশ্বাস)  
উপপরিচালক (সাধারণ প্রশাসন)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

অধ্যক্ষের কার্যালয়  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ২২/০৮/২০২১ খ্রি.

সংসদ বাংলাদেশ টেলিভিশনে প্রচারিত অ্যাসাইনমেন্টের নির্দেশনা সংক্রান্ত অনুষ্ঠানটি দেখা

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, সংযুক্ত পত্রের মর্মানুযায়ী দ্বাদশ শ্রেণি শিক্ষার্থীদের জন্য এনসিটিবি কর্তৃক প্রণীত অ্যাসাইনমেন্ট বিতরণ ও মূল্যায়ন কার্যক্রম সারা দেশব্যাপী চলমান রয়েছে। এ লক্ষ্যে সংসদ বাংলাদেশ টেলিভিশনে "আমার ঘরে আমার স্কুল" অনুষ্ঠানটি সপ্তাহের রবি থেকে বৃহস্পতিবার বিকাল ৫.১৫ মিনিটে সম্প্রচার করা হচ্ছে। উল্লেখ্য যে, উক্ত অনুষ্ঠানটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অফিসিয়াল ফেসবুক পেজ: "আমার ঘরে আমার স্কুল" এবং ইউটিউব চ্যানেলের লিংক <https://cutt.ly/rQ1zZ.nb> -এ পাওয়া যাবে।

অধ্যক্ষ  
রাঙ্গামাটি সরকারি কলেজ  
রাঙ্গামাটি পার্বত্য জেলা